



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, www.cbmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd



স্মারক নং-বামাশিবো/পরী/নিয়ন্ত্রক/দপ্তর/গোপনীয়/৪৩৬৯

তারিখ: ০১ শ্রাবণ, ১৪২৬  
১৬ জুলাই, ২০১৯

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল মাদ্রাসা প্রধান এবং বিষয় সংশ্লিষ্ট শিক্ষকগণের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, দাখিল ও আলিম পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে বিতর্কিত বিষয়কে উদ্দীপকে (Stem) ব্যবহার করায় বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের নিম্নলিখিত নির্দেশনাসহ একটি পরিপত্র রয়েছে (স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮; তারিখ ২২ নভেম্বর ২০০৯)।

- (ক) পাঠ্যপুস্তকে যে সকল রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম নেই প্রশ্ন পত্রে উদ্দীপক হিসেবে সে সকল রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তির নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরি করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরি করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরি করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (চ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি কিংবা বিতর্কিত ব্যক্তি ও তার কার্যকলাপ উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (জ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমন: বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী মাদ্রাসার প্রধান ও বিষয়ভিত্তিক শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে মাদ্রাসা প্রধান ও বিষয়ভিত্তিক শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং মাদ্রাসা প্রধানসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংশ্লিষ্ট বিষয় শিক্ষকগণ যেন উপর্যুক্ত নির্দেশনাসহ শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন করেন সে বিষয়ে মাদ্রাসা প্রধানগণকে অনুরোধ করা যাচ্ছে।

মোঃ কামাল উদ্দিন  
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd